দৈনিক জনকণ্ঠ

২০/১০/২০০৩

তারিখ ...
পৃষ্ঠা ১২ কলাম ৬

# ঢাবি ক্যাম্পাসে আইনশৃঙ্খলা রক্ষাকারী সংস্থার কার্যক্রম জোরদার করার আহ্বান সিন্ডিকেটের জরুরী সভা

ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের জরুরী সভায় ক্যাম্পাসে আইনশৃঙ্খলা রক্ষাকারী সংস্থাসমূহের কার্যক্রম আরও জোরদার করার আহ্বান জানানো হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী যে কোন সময় যে কোন হলে প্রবেশ করতে পারবে। এ জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কোন অনুমতি লাগবে না। সভায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন আবাসিক হলে কিছু বহিরাগত ও অছাত্র অবস্থান নেয়া, ক্যাম্পাসে একজন সাংবাদিককে মারধর এবং এফ রহমান হলে কর্মকর্তা-কর্মচারীদের হুমকি প্রদানসহ বিভিন্ন অনাকাঙ্ক্ষিত ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করা হয়।

সিন্ডিকেটের সভা ছাড়াও মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির পৃথক আরেকটি সভা অনুষ্ঠিত হয়। উভয় সভায় উপাচার্য একে আজাদ চৌধুরী সভাপতিত্ব করেন। -বিজ্ঞপ্তি।